



কাতারের আমির ও প্রধানমন্ত্রীর জন্য আম ও লিচু পাঠালেন খালেদা জিয়া



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি এবং কাতারের প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ বিন আবদুল রহমান বিন জাসিম আল থানির জন্য বাংলাদেশের বিখ্যাত মৌসুমি ফল উপহার পাঠিয়েছেন।

এই উপহারসামগ্রীর মধ্যে ছিল সুপরিচিত জাতের ল্যাংড়া ও আম্রপালি আম, সঙ্গে ছিল রসালো লিচু। এসব ফল উপহার হিসেবে কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রোটোকল বিভাগের পরিচালক ইব্রাহিম ফখরুর হাতে হস্তান্তর করেন বাংলাদেশি প্রতিনিধিরা।

উপহারের সঙ্গে প্রেরিত এক চিঠিতে বেগম খালেদা জিয়া কাতারের শীর্ষ নেতৃত্ব ও জনগণের সুস্বাস্থ্য এবং সমৃদ্ধি কামনা করেছেন। তিনি কাতারের আমিরের নেতৃত্বে দেশটির অগ্রগতি ও উন্নয়নের প্রশংসাও করেন।

বিশেষভাবে উল্লেখযোগ্য, বেগম জিয়া তাঁর চিঠিতে কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন সেই সময়টির কথা, যখন তাঁর চিকিৎসার জন্য কাতার সরকার একটি রাজকীয় এয়ার অ্যান্ডুলেঙ্গ পাঠিয়েছিল। সেই আন্তরিক সহায়তা তাঁর মনে গভীর ছাপ ফেলে এবং এই উপহার মূলত সেই কৃতজ্ঞতারই প্রতীক।

কূটনৈতিক বিশ্লেষকরা বলছেন, এ ধরনের সৌজন্যমূলক বিনিময় দুই দেশের মধ্যে পারস্পরিক সম্মান ও সুসম্পর্কেরই একটি বন্ধনচিহ্ন।